



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৭.২০.১৪১

তারিখ: ৯ চৈত্র ১৪২৬

২৩ মার্চ ২০২০

বিষয়: বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন মনসুর হোসেন ডিগ্রী কলেজে উপাধ্যক্ষ নিয়োগের বিরুদ্ধে অভিযোগ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন মনসুর হোসেন ডিগ্রী কলেজে উপাধ্যক্ষ নিয়োগের বিরুদ্ধে জনাব মোঃ ইউনুছ আলী, সহকারী অধ্যাপক, চন্দনবাইশা ডিগ্রী কলেজ, সারিয়াকান্দি, বগুড়া অভিযোগ দায়ের করেন।


অভিযোগের বিবরণ: বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন মনসুর হোসেন ডিগ্রী কলেজের অধ্যক্ষ কর্তৃক উক্ত কলেজের উপাধ্যক্ষর শূন্য পদ সহ ডিগ্রী সম্বন্ধে ৩য় পদে বিভিন্ন বিষয়ের লোক নিয়োগের নিমিত্তে গত ১২/০৪/২০১৭ ইং তারিখে “দৈনিক করতোয়া” পত্রিকায় একটি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে, অভিযোগকারীসহ মোট ১৩ (তের) জন প্রার্থী উপাধ্যক্ষ পদে চাকুরীর জন্য লিখিত ভাবে আবেদন করেন। পরবর্তীতে অধ্যক্ষ মহোদয় প্রায় ৮ মাস পর জাতীয় বিশ্ববিদ্যালয়ের নীতিমালা উল্লেখ করে গত ২৭/১২/২০১৭ ইং তারিখে “দৈনিক ইনকিলাব” পত্রিকায় শুধু উপাধ্যক্ষ পদে সংশোধিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেন। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার পাশাপাশি এ কথা উল্লেখ করা হয় যে, যোগ্যতা সম্পন্ন যে সকল প্রার্থী ইতিপূর্বে আবেদন করেছেন, পুনঃরায় তাদের আবেদন করার প্রয়োজন নেই। তবে উল্লেখিত যোগ্যতাবিহীন প্রার্থী যদি ইতিপূর্বে আবেদন করে থাকেন, তাদের ব্যাংক ড্রাস্ট ফেরৎ নেওয়ার জন্য বলা হইল। এখানে উল্লেখ যে, উপাধ্যক্ষ পদে মোট ১৩ জন আবেদনকারীর মধ্যে মোঃ আব্দুল হান্নান সরদার, পিতা-মৃত রজব আলী সরদার অন্যতম একজন প্রার্থী। যিনি নাটোর জেলার সিংড়া উপজেলাধীন রহমত ইকবাল ডিগ্রী কলেজে গত ০১/১২/২০০৪ ইং তারিখে সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক পদে যোগদান করে গত ০১/০৯/২০০৫ ইং তারিখে প্রথম এমপিও ভুক্ত হোন। তিনি “দৈনিক করতোয়া” পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী গত ২৬/০৪/২০১৭ ইং তারিখে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার ব্যাংক ড্রাস্ট এর মাধ্যমে মনসুর হোসেন ডিগ্রী কলেজে উপাধ্যক্ষ পদে চাকুরীর জন্য আবেদন করেন। “দৈনিক করতোয়া” পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী উপাধ্যক্ষ পদে আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল গত ২৭/০৪/২০১৭ ইং খ্রিষ্টাব্দ। উক্ত তারিখের হিসাব মতে দেখা যায় মোঃ আব্দুল হান্নান সরদার-এর কাম্য শিক্ষকতার অভিজ্ঞতা ১১ বছর ৭ মাস ২৬ দিন। অর্থাৎ শিক্ষামন্ত্রণালয় কর্তৃক প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (কলেজ) এমপিও নীতিমালা ও জনবল কাঠামো অনুযায়ী ডিগ্রী কলেজ সমূহের উপাধ্যক্ষ পদে আবেদনের জন্য ১ম এমপিও ভুক্তির তারিখ হতে কাম্য শিক্ষকতার অভিজ্ঞতা ১২ বছর পূর্ণ হতে ৪ মাস ৪দিন কম ছিল। যেহেতু তিনি “দৈনিক ইনকিলাব” পত্রিকার সংশোধিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক তার ব্যাংক ড্রাস্ট ফেরৎ নেননি এবং উপাধ্যক্ষ পদের জন্য নতুন করে আর কোন আবেদনও করেননি। সেহেতু উপাধ্যক্ষ পদে কাম্য শিক্ষকতার অভিজ্ঞতা ৪ মাস ৪ দিন কম থাকায়, মোঃ আব্দুল হান্নান সরদার-এর উপাধ্যক্ষ পদে করা আবেদনটি বাতিল যোগ্য ছিল। কিন্তু আবেদন পত্র গুলি যাচাইবাছাইকারী কমিটি উপাধ্যক্ষ পদে ১৩ জন প্রার্থীর মধ্যে হতে ০৪ জন প্রার্থীর আবেদন বাতিল করলেও কলেজের অধ্যক্ষ এবং সভাপতি জনাব এ কে এম রেজাউল করিম তানসেন (সাবেক এমপি) শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা পরিহার করে কেবল মাত্র জাতীয় বিশ্ব বিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৫ এর ৪- এর (ক) ও (খ) নং দফা অনুযায়ী মোঃ আব্দুল হান্নান সরদার-এর আবেদনটি বাতিল না করে বৈধ ঘোষণা করেন।

উপাধ্যক্ষ পদে নিয়োগ পরীক্ষার খাতা গুলো পুনঃমূল্যায়নের ব্যবস্থা সহ উপাধ্যক্ষ পদে নিয়োগের আইনগত জটিলতা নিরসনের

লক্ষ্য জরুরী ভিত্তিতে উপরোক্ত ঘটনাবলীর একটি নিরপেক্ষ তদন্ত করে ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করেন।

বর্ণিত বিষয় তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

এমতাবস্থায়, বর্ণিত বিষয় তদন্ত করে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।



২৩-৩-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

বিতরণ :


- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৭.২০.১৪১/১(২)

তারিখ: ৯ চৈত্র ১৪২৬
২৩ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, মনসুর হোসেন ডিগ্রী কলেজ, নন্দীগ্রাম, বগুড়া।
- ২) জনাব মোঃ ইউনুছ আলী, সহকারী অধ্যাপক, চন্দনবাইশা ডিগ্রী কলেজ, সারিয়াকান্দি, বগুড়া



২৩-৩-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক